

# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২২৮৭

পরিচ্ছেদঃ দুধ ও জামা সম্পর্কে নবী (ﷺ) এর স্বপ্ন।

بَابٌ فِي رُونَيَا النَّبِيِّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّبَنَ وَالقُمُص

### আরবী

حَدَّتَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيد، حَدَّتَنَا اللَّيْتُ، عَنْ عُقَيْل، عَنِ الزُّهْرِيِّ، عَنْ حَمْزَةَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ، عَنِ ابْنِ عُمَرَ، قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " بَيْنَمَا أَنَا نَائِمٌ عُمَرَ، عَنِ ابْنِ عُمَرَ، قَالُوا هَمَا أَوَّلْتَهُ إِذْ أُتِيتُ بِقَدَحِ لَبَنٍ هَشَرِبْتُ مِنْهُ ثُمَّ أَعْطَيْتُ فَضْلِي عُمَرَ بْنَ الْخَطَّابِ " . قَالُوا هَمَا أَوَّلْتَهُ إِذْ أُتِيتُ بِقَدَحِ لَبَنٍ هَشَرِبْتُ مِنْهُ ثُمَّ أَعْطَيْتُ فَضْلِي عُمَرَ بْنَ الْخَطَّابِ " . قَالُوا هَمَا أَوَّلْتَهُ يَا رَسُولَ اللَّهِ قَالَ " الْعِلْمَ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ أَبِي هُرَيْرَةَ وَأَبِي بَكْرَةَ وَابْنِ عَبَّاسٍ يَ وَعُبْدِ اللَّهِ بْنِ سَلاَمٍ وَخُزَيْمَةَ وَالطُّفَيْلِ بْنِ سَخْبَرَةَ وَسَمُرَةَ وَأَبِي أَمَامَةَ وَجَابِرٍ . قَالَ حَدِيثُ ابْنِ عُمَرَ حَدِيثُ ابْنِ عُمَرَ حَدِيثُ مَحَدِيثُ ابْنِ عُمَرَ حَدِيثُ مَحِيحٌ .

#### বাংলা

২২৮৭. কুতায়বা (রহঃ) ...... ইবন উমার রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে আমি বলতে শুনেছিঃ আমি ঘুমে ছিলাম এমন সময় আমার কাছে দুধের একটি পেয়ালা আনা হল। আমি তা থেকে দুধ পান করলাম এবং উচ্ছিষ্ট অংশ উমার ইবন খাত্তাবকে দিলাম। সাহাবীগণ বললেনঃ ইয়া রাসূলাল্লাহ, আপনি এর কি তাবীর করেন? তিনি বললেনঃ ইলম। সহীহ, তা'লিকাত আল হাসসান ৬৮১৫, ৬৮৩৯, বুখারি, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২২৮৪ [আল মাদানী প্রকাশনী]

এ বিষয়ে আবূ হুরায়রা, আবূ বকরা, ইবন আব্বাস, আবদুল্লাহ ইবন সালাম, খুযায়মা, তুফায়ল ইবন সাখবারা, সামুরা, আবূ উমামা এবং জাবির রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। ইবন উমার রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি সহীহ।

### **English**

Ibn 'Umar narrated that the Messenger of Allah (s.a.w) said:
"While I was sleeping, I was brought a cup of milk and I drank from it. Then I gave what I had left to 'Umar bin Al-Khattab." They said; "How did you



## interpret it O Messenger of Allah?" He said: "Knowledge."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউল্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন